


Venue: Oakleigh Mechanics Hall.
142-144 Drummond St, Oakleigh

সাহিত্য সন্ধ্যা -
কথাসাহিত্যিক
শীর্ষেন্দু
মুখোপাধ্যায়ের
সাথে

আগামী ৩০ শে জুন
শনিবার বিকেল ৪ টায়



শীর্ষেন্দু
মুখোপাধ্যায় এর
সাথে সাহিত্য সন্ধ্যা

লেখকের সঙ্গে সরাসরি
সাক্ষাতের সুবর্ণ সুযোগ!

আয়োজনে: বাংলা
সাহিত্য সংসদ, মেলবোর্ন

বিশিষ্ট কথাসাহিত্যিক শীর্ষেন্দু মুখোপাধ্যায়ের জন্ম ১৯৩৫ সালের ২রা নভেম্বর, বাংলাদেশের ময়মনসিংহ জেলায়। যেখানে তাঁর জীবনের প্রথম এগারো বছর কাটে। ভারত বিভাগের সময়, তাঁর পরিবার কলকাতা চলে আসে। এই সময় রেলওয়েতে চাকুরীর পিতার সঙ্গে তিনি বিহার, পশ্চিমবঙ্গ ও আসামের বিভিন্ন স্থানে তাঁর জীবন অতিবাহিত করেন। শীর্ষেন্দু মুখোপাধ্যায় কোচবিহারের ভিক্টোরিয়া কলেজ থেকে মাধ্যমিক শিক্ষা সম্পন্ন করেন এবং কলকাতা বিশ্ববিদ্যালয়ে বাংলায় স্নাতকোত্তর ডিগ্রির জন্য পড়াশুনা করেন। তিনি একটি বিদ্যালয়ের শিক্ষক হিসেবে তাঁর কর্মজীবন শুরু করেন। শীর্ষেন্দু মুখোপাধ্যায়ের প্রথম গল্প জলতরঙ্গ শিরোনামে ১৯৫৯ সালে দেশ পত্রিকায় প্রকাশিত হয়। সাত বছর পরে ঐ একই পত্রিকার পূজাবার্ষিকীতে ঘুণ পোকা নামক তার প্রথম উপন্যাস প্রকাশিত হয়। ছোটদের জন্য লেখা তার প্রথম উপন্যাস মনোজদের অদ্ভুত বাড়ি। বর্তমানে তিনি আনন্দবাজার পত্রিকা ও দেশ পত্রিকার সঙ্গে জড়িত।

পুরস্কার: শীর্ষেন্দু মুখোপাধ্যায় মানবজমিন উপন্যাসের জন্য সাহিত্য আকাদেমি পুরস্কার পান। আরও পুরস্কারের মধ্যে রয়েছে বিদ্যাসাগর পুরস্কার (শিশু সাহিত্যে অবদানের জন্য); আনন্দ পুরস্কার (১৯৭৩ ও ১৯৯০); জীবনব্যাপী সাহিত্য সম্মান, ২০১৪ - "পাবলিশার্স অ্যান্ড বুক সেলার্স গিল্ড" প্রদত্ত।

টিভি এবং চলচ্চিত্র: তাঁর পাতালঘর কাহিনিটি সিনেমা হয়েছে। এ ছাড়া দূরবীন, মনোজদের অদ্ভুত বাড়ি, বঙ্গার রতন, ঝিলের ধারে বাড়ি, নুসিংহ রহস্য, ইত্যাদি কাহিনি নিয়ে টিভি সিরিয়াল হয়েছে। সম্প্রতি তাঁর উপন্যাস 'মানবজমিন' অবলম্বনে বাংলাদেশে নাটক তৈরি হচ্ছে। এ ছাড়াও সিনেমা হয়েছে তাঁর শবর নামে গোয়েন্দা চরিত্রটি নিয়ে।

তারিখ: ৩০ শে জুন ২০১৮
স্থান: Oakleigh Mechanics Hall, 142-144 Drummond St, Oakleigh, Vic 3166

সময়: বিকেল ৪-৬টা
আপনাদের সবান্ধব উপস্থিতি
কাম্য
প্রবেশ মূল্য - ১০ ডলার

যোগাযোগ: অরিন্দম চৌধুরী:
0407318303; তরুণ ভট্টাচার্য:
0447355503; তুহিন দে:
0433321727; নারায়ণ ব্যানার্জী:
0421698994; নিখিল সমাদ্দার:
0409017240; প্রতীশ বন্দ্যোপাধ্যায়:
0419346785; মনজুর মোরশেদ
চৌধুরী: 0407958194; বঙ্গন গুপ্ত:
0417130070; লুৎফর রহমান খান:
0425843632; মুনির আহমেদ খান:
0403087689;

